# AKASHVANI (AIR)+
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 13.07.2024 Time: 7.35 A.M.**

## বিশেষ বিশেষ খবর –

১) কঠোর নিরাপত্তায় রাজ্যের ৪ বিধানসভা উপ-নির্বাচনের ভোট গণনা আর কিছুক্ষণের মধ্যে শুরু হতে চলেছে।

২) কলকাতা হাইকোর্ট ঢোলাহাটে মৃত যুবকের ময়নাতন্তের রিপোর্ট জমার নির্দেশ দেওয়ার পর আজ আবার দ্বিতীয়বার পোস্টমটেম হতে পারে।

৩) স্বচ্ছ্ ভারত মিশন প্রকল্পে রাজ্য সরকার স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের যুক্ত করার পরিকল্পনা নিয়েছে।

৪) পশ্চিম মেদিনীপুরের কেশপুর থানা এলাকায় পঞ্চমী ব্রিজের কাছে গতকাল গভীর রাতে অ্যাম্বুলেন্সের সঙ্গে লরির সংঘর্ষে ৫ জনের মৃত্যু। আহত আরও কয়েকজন।

৫) মরশুমের প্রথম ডার্বি ম্যাচে আজ যুবভারতী ক্রীড়াঙ্গণে মোহনবাগান সুপার জায়েন্ট, ইস্টবেঙ্গলের মুখোমুখি হবে।

oooooooooooooooooooooooo

রাজ্যের চার বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে আজ ভোট গণনা। উত্তর দিনাজপুরের রায়গঞ্জ, নদীয়ার রাণাঘাট দক্ষিণ, উত্তর ২৪ পরগনার বাগদা এবং কলকাতার মানিকতলা এই চারটি আসনে গণনার কাজ শুরু হবে সকাল ৮-টায়। মোট ৩৫ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য আজ নির্ধারিত হবে। গণনা কেন্দ্রের বাইরে ত্রিস্তরীয় নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে।

একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট – অভিরূপ)

oooooooooooooooooooo

কলকাতা হাইকোর্ট, দক্ষিণ ২৪ পরগনার ঢোলাহাটে মৃত যুবক আবু সিদ্দিক হালদারের ময়নাতদন্তের রিপোর্ট জমার নির্দেশ দেওয়ার পরে আজ আবার তার দেহ কবর থেকে তোলা হতে পারে। মৃতের বাবা ও একজন বিচার বিভাগীয় ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে দেহটি বের করে আনার পর দ্বিতীয়বার ময়নাতদন্ত করা হবে।

এই পোস্টমর্টেমের ভিডিওগ্রাফির ফুটেজ সংরক্ষণ ও ভিসেরা পরীক্ষার নমুনা কেন্দ্রীয় ফরেন্সিক ল্যাবরেটরিতে পাঠানোর নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

বিচারপতি অমৃতা সিনহা, বৃহস্পতিবারের পর গতকালও এই মামলার শুনানির সময় বলেন, ন্যায় বিচারের ক্ষেত্রে এই ব্যবস্থা জরুরী।

কলকাতার তিলজলায় যে নার্সিংহোমে আবুর মৃত্যু হয়, সেখানকার রিপোর্ট নিয়েও বিচারপতি প্রশ্ন তুলেছেন। কেন তাড়াহুড়ো করে ময়না তদন্ত করা হলো, জাতীয় মানবাধিকার কমিশনের নির্দেশিকা কেন মানা হয়নি, রাজ্য সরকারের কাছে তাও জানতে চেয়েছেন বিচারপতি সিনহা।

কাকদ্বীপ মহকুমা হাসপাতাল, যেখানে আবু ভর্তি ছিল এবং কলকাতার যে হাসপাতালে তার মৃত্যু হয়, সেখানকার সিসিটিভি ফুটেজও পুলিশকে সংরক্ষণ করতে নির্দেশ দেওয়া হয়েছে।

আবুর পরিবারের আর্জির ভিত্তিতে ঢোলাহাট থানার আই সি-কে এই তদন্ত প্রক্রিয়া থেকে দুরে রাখার জন্য সুন্দরবনের পুলিশ সুপারকে নির্দেশ দিয়েছেন বিচারপতি সিনহা। মামলার পরবর্তী শুনানি ২২-শে জুলাই।

উল্লেখ্য, চোর সন্দেহে গ্রেফতার করা হয় আবু সিদ্দিক হালদারকে। আদালতে জামিন পেয়ে বাড়ি ফেরার পরেই তিনি অসুস্থ হয়ে পড়েন। হাসপাতালে তাঁর মৃত্যু হয়। পুলিশের বিরুদ্ধে মারধর ও ১ লক্ষ ৭৫ হাজার টাকা নেওয়ার অভিযোগ করে পরিবার।

রাজ্যের তরফে অবশ্য পুলিশের বিরুদ্ধে মারধরের এই অভিযোগ খারিজ করে দাবি করা হয়, আবুর জন্ডিস ছিল। তার ফলেই অসুস্থ হয়ে তাঁর মৃত্যু হয়।

oooooooooooooooooooooooo

বাঁকুড়ার খাতড়ায় বিজেপি কর্মী বঙ্কু মাহাতো খুনের ঘটনায় সাতদিনের মধ্যে মূল অভিযুক্ত উত্তম মাহাতোকে গ্রেফতার করা না হলে এই মামলা কেন্দ্রীয় এজেন্সিকে হাস্তান্তরের আবেদন জানানো হবে বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন। তিনি গতকাল খাতড়ার দেদুয়া গ্রামে বঙ্কুর বাড়িতে যান। সাম্প্রতিক লোকসভা নির্বাচনে ওই বুথে তৃণমূল কংগ্রেস পরাজিত হয়। সেই আক্রোসেই এই খুন বলে শুভেন্দুর দাবি।

(বাইট – শুভেন্দু)

উল্লেখ্য, গত মঙ্গলবার বঙ্কু বিহারী মাহাতোর অস্বাভাবিক মৃত্যুর পর তাকে খুন করা হয়েছে বলে বিজেপি-র পক্ষ থেকে অভিযোগ করা হয়। ছেলে সনাতন মাহাতোর অভিযোগের ভিত্তিতে পুলিশ তিনজনকে গ্রেফতার করে। তারা বর্তমানে পুলিশ হেফাজতে। বাকি অভিযুক্তরা অবশ্য এখনও অধরা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এবার রাজনীতির ময়দানে নেমেছেন অঙ্কিতা অধিকারী। এসএসসি দুর্নীতি মামলায় চাকরি হারানো মেখলিগঞ্জের বিধায়ক , রাজ্যের প্রাক্তন মন্ত্রী পরেশ অধিকারীর কন্যা অঙ্কিতা অধিকারী কে জেলা তৃণমূল কংগ্রেসের সম্পাদক পদে নিয়োগ করা হলো। গতকাল কোচবিহার জেলা তৃণমূল কংগ্রেস পার্টি অফিসে তার হাতে নিয়োগপত্র তুলে দেন জেলা সভাপতি অভিজিৎ দে ভৌমিক। গত লোকসভা নির্বাচনে জলপাইগুড়ি লোকসভার অন্তর্গত মেখলিগঞ্জ বিধানসভা আসনে সক্রিয়ভাবে দলের কাজই অংশ নেন অঙ্কিতা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের গ্রামীণ এলাকায় কেন্দ্রীয় সরকারের স্বচ্ছ ভারত মিশন প্রকল্প সফল ভাবে রূপায়ণ করতে রাজ্য সরকার স্বনির্ভর গোষ্ঠীর মহিলাদের যুক্ত করার পরিকল্পনা নিয়েছে। এবার থেকে গ্রাম পঞ্চায়েতগুলিকে বাদ দিয়ে গ্রামীণ স্বনির্ভর গোষ্ঠীকে সামনে রেখে বিডিও-রা সরাসরি এই কেন্দ্রীয় প্রকল্প রূপায়ন করবেন। রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন সচিব পি উলগানাথন জেলাশাসকদের চিঠি দিয়ে এই সিদ্ধান্তের কথা জানিয়েছেন। গ্রামের মানুষের মধ্যে শৌচালয়ের প্রয়োজনীয়তা সচেতনতা প্রচারের কাজ মহিলারা বেশি

ভালো ভাবে করতে পারবে বলে রাজ্য সরকার মনে করে। তাই স্বনির্ভর গোষ্ঠীগুলিকে একাজে ব্যবহার করার সিদ্ধান্ত নেওয়া নিয়েছে। বর্তমানে রাজ্যে পঞ্চায়েত এলাকায় ১২ লক্ষ ৫ হাজার ৯৪৬টি মহিলা পরিচালিত স্বনির্ভর গোষ্ঠী রয়েছে। যাদের  সদস্য সংখ্যা ১ কোটি ২২ লক্ষ ৭৬৪ জন। পঞ্চায়েত সচিব চিঠিতে ১৫ অগস্টের মধ্যে এই কর্মসূচি শেষ করার জন্য জেলাশাসকদের জানিয়ে দিয়েছেন।

oooooooooooooooooooooooooooo

রামকৃষ্ণ মিশনের সেবার আদর্শ কে সামনে রেখে যেকোনো রকম বিপর্যয় মোকাবিলায় সেখানকার প্রশিক্ষিত ছাত্র-ছাত্রীরা যাতে অংশ নিতে পারে সেই লক্ষ্যে বিজ্ঞান বিভাগের স্নাতক স্তরের পাঠক্রমের অন্তর্ভুক্ত করা হলো হ্যাম রেডিওর পরিচালনা। ইন্ডিয়ান একাডেমি অফ কমিউনিকেশন এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট ও ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের সহযোগিতায় সেখানে ছাত্র-ছাত্রীদের মধ্যে আজ থেকে শুরু হচ্ছে এই বিষয়ে পাঠ দান ও হাতে কলমে প্রয়োগ শিক্ষা।রহড়া রামকৃষ্ণ মিশনের বিবেকানন্দ সেন্টেনারি কলেজের অধ্যক্ষ স্বামী কমলস্থানন্দ( Swami Kamalasthananda) এই প্রসঙ্গে আকাশবাণীকে বলেন, এই বিষয়ে সম্যক ধারণা থাকলে তবেই তা সঠিক সময়ে দেশের ও দশের প্রয়োজনে আসে।

বাইট স্বামীজি

ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের সম্পাদক অম্বরিশ নাগ বিশ্বাস, পরবর্তীতে আরও কলেজ বিশ্ববিদ্যালয়ে এই পাঠক্রম চালু করার আহ্বান জানিয়েছেন।

বাইট অম্বরিশ নাগ বিশ্বাস।

অভিজিৎ

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম মেদিনীপুরের কেশপুর থানা এলাকায় পঞ্চমী ব্রিজের কাছে গতকাল গভীর রাতে অ্যাম্বুলেন্সের সঙ্গে লরির সংঘর্ষে ৫ জনের মৃত্যু হয়েছে। আহত আরও কয়েকজন।

পুলিশ জানিয়েছেন ওই অ্যাম্বুলেন্সে ৮-৯ ছিলেন। দুর্ঘটনায় গুরুতর আহত হওয়ার পর তাদের মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যাওয়া হয়। সেখানে চিকিৎসকেরা ৫ জনকে মৃত ঘোষণা করেন। বাকিরা সেখানেই চিকিৎসাধীন। হতাহতরা সকলে চন্দ্রকোণার ক্ষিরপাই-এর বাসিন্দা। জেলা পুলিশ সুপার জানিয়েছেন, সিমেন্ট বোঝাই লরিটি মেদিনীপুর থেকে কেশপুরের দিকে যাচ্ছিল, সে সময় ঘাটাল থেকে আসা অ্যাম্বুলেন্সটির সঙ্গে তার মুখোমুখি সংঘর্ষ হয়।

০০০০০০০০০০০০০০০০০০০

পূর্ব বর্ধমানের খণ্ডঘোষ ব্লকের একটি স্কুলে চতুর্থ শ্রেণীর ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগ উঠেছে স্কুলেরই এক শিক্ষকের বিরুদ্ধে। অভিযুক্ত শিক্ষক সহ ১১ জনকে পুলিশ গ্রেপ্তার করেছে। আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, ছাত্রীটি বাড়ি ফিরে ঘটনার কথা জানালে পরিবারের লোক ও গ্রামবাসীরা স্কুলে গিয়ে বিক্ষোভ দেখায়। অভিযুক্ত শিক্ষকের ওপরেও তারা চড়াও হন। পরে খন্ডঘোষ থানার পুলিশ ক্ষুব্ধ জনতার সঙ্গে তাদের বচসা ও ধস্তাধস্তি বাধে। পুলিশ অভিযুক্তকে ছাড়ায়ে নিয়ে যাওয়ার চেষ্টা করলে জনতা

তাদের ধাওয়া করে ইট বৃষ্টি শুরু করে। এলাকা রণক্ষেত্র হয়ে ওঠে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশকে লাঠি চার্জ করতে হয়। পুলিশের গাড়িতে ইটের আঘাতে কয়েকজন পুলিশ কর্মী আহত হন।

অন্যদিকে পুলিশের ওপর হামলার ঘটনায় দুই মহিলা সহ ১০ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলে জেলা পুলিশ সুপার আমনদীপ জানিয়েছেন।

oooooooooooooooooooo

খণ্ডঘোষের পর ভাতাড়ের কুবাজপুর উচ্চ বিদ্যালয়ে শিক্ষকের বিরুদ্ধে একাধিক ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগে গতকাল চরম উত্তেজনা ছড়িয়ে পড়ে। স্থানীয় বাসিন্দাদের একাংশ স্কুলে জড়ো হয়ে ওই শিক্ষককে ঘেরাও করেন। পাশাপাশি প্রধানশিক্ষককে ঘিরেও তুমুল বিক্ষোভ দেখান স্থানীয় বাসিন্দারা। বেশ কিছুক্ষণ বিক্ষোভ চলার পর স্কুলের অফিস ঘরে প্রধানশিক্ষক এবং অভিযুক্ত সহশিক্ষককে ঢুকিয়ে তালা লাগিয়ে দেন তারা। প্রায় তিন ঘন্টা ধরে চলে বিক্ষোভ। তারপর ভাতার থানার পুলিশ ঘটনাস্থলে এসে তালা খোলায়।পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে। পুলিশের কাছে অবশহ্য এনিয়ে কোনও অভিযোগ দায়ের হয়নি। অভিভাবকরা জানিয়েছেন তারা স্কুলশিক্ষা দফতরে গণ অভিযোগ জমা দেবেন।

oooooooooooooooooooooooooooo

কোলকাতায় কোথাও হকার উচ্ছেদ হয় নি বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী , কলকাতা পুরসভা র মেয়র ফিরহাদ হাকিম মন্তব্য করেছেন। মুখ্য মন্ত্রী মমতা ব্যানার্জি কোথাও হকার উচ্ছেদের কথা বলেননি

বলেও দ্বরথ্য হীন ভাষায় তিনি জানান। পুরসভার মাসিক অধিবেশনে গতকাল বিজেপি কাউন্সিলর সজল ঘোষের হকার নিয়ে আনা এক প্রস্তাবের জবাবি ভাষণে মেয়র বলেন মুখ্যমন্ত্রী সরকারি জায়গা দখল করা নিয়ে বলেছেন। হকার উচ্ছেদ করা হচ্ছে না, বেআইনীভাবে বসা হকারদের নিয়ন্ত্রণ করা হচ্ছে। হকারদের নিয়ে বৈষম্য করার অভিযোগ ও তিনি খারিজ করে দেন।হকারদের জীবিকা সম্পর্কে সরকার সচেতন বলেও ফিরহাদ হাকিম মন্তব্য করেন।

বাইট

এর আগে প্রস্তাব উত্থাপন করে বিজেপি কাউন্সিলর সজল ঘোষ বলেন হকার উচ্ছেদ আপাত দৃষ্টিতে সঠিক কাজ নয়। এভাবে হকার উচ্ছেদের ফলে এই পেশার সঙ্গে যুক্ত কত মানুষ বেকার হয়ে পড়েছে, আর্থিক অনটনের মুখে পড়েছে সেদিকে পুরসভা র গুরুত্ব দেওয়া প্রয়োজন। হঠাৎ করে বিনা নোটিশ এ হকার উচ্ছেদের তৎপরতা শুরু হলো কেন সে প্রশ্ন ও তোলেন সজল বাবু। তিনি আরো বলেন, মূখ্যমন্ত্রী নিজেও হকারদের বসানো নিয়ে কাউন্সিলরদের উদ্দ্যেশ্যে কড়া বার্তা দিয়েছেন। এদিকে সজল ঘোষের বক্তব্যে চলাকালীন সময়ে তৃণমূল কংগ্রেস কাউন্সিলর দের সঙ্গে বিজেপি র তিন কাউন্সিলর এর বাগবিতণ্ডা শুরু হয়। তারপরে চেয়ার পারসন মালা রায় অধিবেশন কক্ষে হই হট্টগোল দ্রুত থামিয়ে দেন।

oooooooooooooooooooooooooo

মরসুমের প্রথম ডার্বি ম্যাচে আজ মোহনবাগান সুপারজায়ান্ট ইস্টবেঙ্গলের মুখোমুখি হবে। যুবভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে বিকেল ৩ টে ১৫ তে। এবার কলকাতা ফুটবল লিগের ডার্বি ১০০ বছর। দুই চিরপ্রতিদ্বন্দ্বী দলের ম্যাচকে ঘিরে ফুটবল প্রেমীদের মধ্যে ব্যাপক উন্মাদনার সৃষ্টি হয়েছে। ইস্টবেঙ্গল এবারের কলকাতা প্রিমিয়ার ডিভিশন লিগের প্রথম

দুটি ম্যাচ জিতে বাড়তি আত্মবিশ্বাস নিয়ে আজ মাঠে নামবে। অন্যদিকে, প্রথম দুটি ম্যাচ ড্র করার পর এই ম্যাচটি মোহনবাগানের কাছে ঘুরে দাঁড়ানোর লড়াই।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এ বছরের ডুরান্ড কাপ ফুটবল প্রতিযোগিতা শুরু হবে আগামী ২৭ শে জুলাই গতবারের বিজয়ী মোহনবাগান সুপার জায়ান্টের ম্যাচ দিয়ে । সবুজ মেরুন দলের প্রতিপক্ষ ডাউনটাউন হিরোজ।

২৯ শে জুলাই ইস্টবেঙ্গল প্রথম ম্যাচে ভারতীয় বিমান বাহিনীর বিরুদ্ধে খেলবে। ১৮ শে অগাষ্ট ইস্টবেঙ্গল ও মোহনবাগান গ্রুপ পর্বের ম্যাচে মুখোমুখি হবে।

মহামেডান স্পোর্টিং, ইন্টার কাশীর বিরূদ্ধে ম্যাচ দিয়ে ডুরান্ড কাপ অভিযান শুরু করবে ২৮ শে জুলাই।

উল্লেখ্য, ডুরান্ড কাপের সূচি গতকাল প্রকাশিত হয়েছে।ছয়টি গ্রুপে ২৪ টি দল এবার অংশ নেবে। কলকাতা, জামশেদপুর, কোকরাঝাড় ,শিলং এ হবে গ্রুপ লীগ পর্বের খেলাগুলি ।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০